

PRINT

সমকাল

চট্টগ্রাম এমইএস কলেজে শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টা ধাওয়া

১১ ঘন্টা আগে

চট্টগ্রাম ব্যরো

এইচএসসি পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম চলাকালে চট্টগ্রাম এমইএস কলেজে ছাত্রদের দু'গ্রন্থে ধাওয়া-পাল্টা ধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটেছে। পুলিশ ধাওয়া দিয়ে উভয়পক্ষকে ছত্রভঙ্গ করে দেয়। এ সময় পুলিশ কয়েক ছাত্রকে আটক করলেও পরে কলেজ অধ্যক্ষের অনুরোধে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়। ধাওয়া-পাল্টা ধাওয়ায় জড়িয়ে পড়া শিক্ষার্থীরা ছাত্রলীগ কর্মী। শনিবার দুপুরে এ ঘটনা ঘটে।

জানা যায়, ছেলের ফরম পূরণের জন্য আসা এক অভিভাবকের সঙ্গে এক ছাত্রের দুর্ব্যবহার এবং এ নিয়ে এক ছাত্রলীগ নেতা অপর ছাত্রলীগ কর্মীকে চড় মারলে ঘটনার সূত্রপাত হয়। এ সময় উভয়পক্ষের কর্মী-সমর্থকরা মুখোমুখি হয়ে পড়ে। একপর্যায়ে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হলে ফরম পূরণ করতে আসা সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

কলেজ অধ্যক্ষ মো. রেজাউল করিম সমকালকে বলেন, কলেজের ছোট ভাই বড় ভাইকে সালাম না দেওয়ার মতো ঠুনকো একটি ঘটনাকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনা ঘটেছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

খুলশী থানার ওসি শেখ মো. নাসির সমকালকে বলেন, একজনকে চড় মারা নিয়ে শিক্ষার্থীদের দু'পক্ষের মধ্যে ধাওয়ার ঘটনা ঘটেছে। এটি দলীয় কোনো বিষয় নয়।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com